ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩০ বর্ষ ৩য় সংখ্যা

৩ ফাল্গুন ১৪২২, ১৫ ফেব্রুয়ারি ২০১৬

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগ গত ১ ফেব্রুয়ারি ২০১৬ অপরাজেয় বাংলার পাদদেশে থেকে 'ভাষা পদযাত্রা' বের করে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের নেতৃত্বে পদযাত্রাটি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে। এতে ভাষাবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. সৈয়দ শাহরিয়ার রহমান, বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।

সবুজ প্রযুক্তি বিষয়ক ৭ম আন্তর্জাতিক সেমিনার

বাংলাদেশকে সবুজ প্রযুক্তির দেশে পরিণত করতে হবে – উপাচার্য

বাংলাদেশ জাপান সোসাইটি ফর দি প্রমোশন অব সায়েন্স অ্যালামনাই এসোসিয়েশন (বিজেএসপিএসএএ)-এর উদ্যোগে "Green Technology and Society" শীর্ষক দিনব্যাপী ৭ম আন্তর্জাতিক সেমিনার গত ৩০ জানুয়ারি ২০১৬ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সেমিনার উদ্বোধন করেন।

বিজেএসপিএসএএ'র সভাপতি অধ্যাপক ড. মো: আফজাল হোসেনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ এবং বাংলাদেশে নিযুক্ত জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার প্রতিনিধি মাইক রবসন বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। "Solar Energy: Bangladesh Perspective" শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রিজওয়ান খান। এছাড়া, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আল-নকিব চৌধুরী, বিজেএসপিএসএএ'র সাধারণ সম্পাদক ড. নূর আহম্মেদ খোন্দকার ও সাংগঠনিক সম্পাদক ড. মিজানুর রহমান অনুষ্ঠানে বক্তৃতা করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গবেষণার ফলাফল সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার জন্য গবেষকদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, বাংলাদেশকে সবুজ প্রযুক্তির দেশে পরিণত করতে হবে। সেজন্য সমাজ এবং বিজ্ঞান গবেষণাকে একসঙ্গে এগিয়ে নিতে হবে। টেকসই সমাজ গঠনের লক্ষ্যে নতুন নতুন জ্ঞান এবং পরিবেশ বান্ধব প্রযুক্তি উদ্ভাবনের ওপর তিনি গুরুত্বারোপ করেন। সেমিনার আয়োজনে সহযোগিতা প্রদানের জন্য তিনি ঢাকাস্থ জাপান দূতাবাসকে ধন্যবাদ জানান। এছাড়া, ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে জাপান সরকারের সার্বিক সহযোগিতা ও সমর্থনের কথাও তিনি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন।

মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ নামে একটি নতুন বিভাগের যাত্রা শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ১ ফেব্রুয়ারি ২০১৬ "মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ" নামে একটি নতুন বিভাগের যাত্রা শুরু হয়েছে। ৩জন পিএইচ ডি ডিগ্রিধারী শিক্ষক ও ১৬জন ১ম বর্ষ সম্মান শ্রেণীর মেধাবী শিক্ষার্থী নিয়ে নতুন এ বিভাগের আনুষ্ঠানিক যাত্রা শুরু হলো। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে নতুন এই বিভাগের শুভ উদ্বোধন করেন।

উপাচার্যের অফিস সংলগ্ন লাউঞ্জে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগের নব-নিযুক্ত প্রথম চেয়ারম্যান অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশেষ অতিথি হিসাবে ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদের ডিন অধ্যাপক ড. রফিকুল ইসলাম এবং শিক্ষার্থীদের মধ্য থেকে নওয়ারা মাহমুদ ব্রতী ও জুলকারনাঈন তাসিন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সদ্য প্রতিষ্ঠিত মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানিয়ে বলেন, প্রযুক্তির দিক থেকে মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ হচ্ছে একটা সর্বাধুনিক প্রযুক্তি নির্ভর বিভাগ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠায় এই বিভাগ অন্যতম ভূমিকা পালন ও অবদান রাখতে সক্ষম হবে। কিছু সীমাবদ্ধতা থাকলেও এই বিভাগ দ্রুত সম্প্রসারিত করা হবে বলে উপাচার্য শিক্ষার্থীদের আশ্বাস প্রদান করেন।

উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের উদ্দেশ্যে আরও বলেন, তোমরা দেশের শ্রেষ্ঠ এই বিদ্যাপীঠে ভর্তি হয়েছো শুধু সার্টিফিকেট অর্জনের জন্য নয় বরং পরিপূর্ণ, সৎ ও সুনাগরিক হিসেবে গড়ে ওঠার জন্য। ঐতিহ্যবাহী ও গৌরবোজ্জ্বল * ২য় পৃষ্ঠায় দেখুন

বাংলাদেশ-ভারত সম্প্রীতি পরিষদের দ্বি-বার্ষিক সম্মেলন

মুক্তিযুদ্ধে মুক্তি বাহিনী ও মিত্র বাহিনীর রক্ত একই ধারায় প্রবাহিত হয়েছে - উপাচার্য

বাংলাদেশ-ভারত সম্প্রীতি পরিষদের দ্বি-বার্ষিক কেন্দ্রীয় সম্মেলন গত ৩ ফেব্রুয়ারি ২০১৬ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। সংগঠনের চেয়ারপার্সন এডভোকেট এম এ বারীর সভাপতিত্বে অনুষ্ঠানে শিল্পমন্ত্রী আমির হোসেন আমু এমপি প্রধান অতিথি এবং উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। এছাড়া, অনুষ্ঠানে এ কে এম রহমতুল্লাহ, এ কে এম বাহাউদ্দিন বাহার, বাংলাদেশ ব্যাংকের চিফ ইকোনমিস্ট ড. বিরু পাক্ষ পাল, বার কাউন্সিলের ভাইস-চেয়ারম্যান এডভোকেট আবুল বাসেত মজুমদার, ভারতের সাবেক এমপি সোমেন্দ্র নাথ মিত্র, ভারতের সাবেক মন্ত্রী সরদার আমজাদ আলী প্রমুখ বক্তৃতা করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বাংলাদেশ-ভারত সম্পর্কের ঐতিহাসিক প্রেক্ষাপট তুলে ধরে বলেন, ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে মুক্তি বাহিনী ও মিত্র বাহিনীর রক্ত একই ধারায় প্রবাহিত হয়েছে। তাই দু'দেশের এই সম্পর্ক রক্তের সম্পর্ক। তিনি বলেন, বর্তমান আধুনিক বিশ্বে ইউরোপের ধনী দেশগুলো ১ মিলিয়ন শরণার্থীকে আশ্রয় দিতে পারছেনা। অথচ ১৯৭১ সালে বাংলাদেশের ১ কোটিরও বেশী শরণার্থীকে ভারত আশ্রয় দিয়েছিল। বাংলাদেশ-ভারত সম্পর্ক শুধু কূটনৈতিক সীমারেখার মধ্যে আবদ্ধ নয় উল্লেখ করে উপাচার্য বলেন, ব্যবসা-বাণিজ্য, শিক্ষা-সংস্কৃতি, ক্রীড়াসহ সকল ক্ষেত্রে এই সম্পর্ক একাকার হয়ে আছে। তিনি বলেন, দু'দেশের

এই সম্পর্ক সুদৃঢ় করতে নতুন প্রজন্মের মাঝে মুক্তিযুদ্ধের চেতনা সঞ্চালন করতে হবে এবং ভ্রমণের ক্ষেত্রে বিদ্যমান জটিলতাসমূহ দূর করতে হবে। তিনি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের 'সোনার বাংলা' গড়তে একযোগে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

নবায়ণযোগ্য শক্তি বিষয়ক সেমিনার ও প্রদর্শনীর উদ্বোধন

নবায়ণযোগ্য শক্তি বিষয়ে আমরা দক্ষ জনবল তৈরী করব - উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয় শক্তি ইনস্টিটিউট এবং বাংলাদেশ সৌরশক্তি সমিতির যৌথ উদ্যোগে 'টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনে নবায়ণযোগ্য শক্তি: বাংলাদেশ প্রেক্ষাপট' শীর্ষক ৩দিন ব্যাপী জাতীয় সেমিনার ও প্রদর্শনী গত ২৭ জানুয়ারি ২০১৬ মোকাররম হোসেন খোন্দকার বিজ্ঞান ভবন চত্বরে উদ্বোধন করা হয়েছে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নসরুল হামিদ এমপি প্রধান অতিথি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, বাংলাদেশ সৌরশক্তি সমিতির উপদেষ্টা অধ্যাপক ড. মুহতাশাম হোসেন, প্র্যাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর মিসেস হাসিন জাহান এবং টেকসই ও নবায়ণযোগ্য শক্তি উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান মো: আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। শুভেচ্ছা বক্তব্য দেন বাংলাদেশ সৌরশক্তি সমিতির সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ ইব্রাহীম। স্বাগত বক্তব্য দেন শক্তি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. সাইফুল হক।

জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নসরুল হামিদ এমপি নবায়ণযোগ্য শক্তিকে টেকসই ও জনপ্রিয় করতে এ খাতে বাণিজ্যিকরণ বন্ধের ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, নবায়ণযোগ্য শক্তি খাতের আধুনিকায়নের লক্ষ্যে বর্তমান সরকার মাস্টার প্ল্যান তৈরীর কাজ করছে। এ ক্ষেত্রে সহযোগিতা প্রদানের জন্য তিনি শিক্ষক ও গবেষকদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, ২০২০ সালের মধ্যে দেশের ১০ ভাগ বিদ্যুৎ চাহিদা নবায়ণযোগ্য শক্তি থেকে পূরণ করা হবে। এ লক্ষ্যে শিগ্‌গিরই দেশে সোলার পার্ক স্থাপন করা হবে বলে তিনি জানান।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, নবায়ণযোগ্য শক্তি বিষয়ে আমরা দক্ষ জনবল তৈরী করতে চাই এবং এ ক্ষেত্রে দায়িত্বশীল ভূমিকা পালনের জন্য তিনি শিক্ষকদের প্রতি আহ্বান জানান। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ে ইন্টার্ণশিপ করার সুযোগ প্রদানের জন্য তিনি প্রতিমন্ত্রীকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে নবায়ণযোগ্য শক্তি বিষয়ক গবেষণা উন্নয়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইন্ট্রাকো গ্রুপ-এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল

উদ্দীন এবং ইন্ট্রাকো গ্রুপ-এর ব্যবস্থাপনা পরিচালক মুহাম্মদ রিয়াদ আলী নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন।

এছাড়া, দেশে নবায়ণযোগ্য শক্তি খাতের উন্নয়নে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থ বিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক এবং বাংলাদেশ সৌরশক্তি সমিতির উপদেষ্টা ড. মুহতাশাম হোসেনকে সম্মাননা প্রদান করা হয়।

আলোচনা পর্ব শেষে মোকাররম হোসেন খোন্দকার বিজ্ঞান ভবন চত্বরে নবায়ণযোগ্য শক্তি বিষয়ক ৩দিন ব্যাপী প্রদর্শনীর উদ্বোধন করা হয়। প্রতিদিন সকাল ৯:০০টা থেকে সন্ধ্যা ৭:০০টা পর্যন্ত সবার জন্য প্রদর্শনী উন্মুক্ত ছিল।

গত ২৩ জানুয়ারি ২০১৬ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ইমরান চৌধুরীর 'বন্যা ডট চিট', 'কষ্টের স্বর্গে', 'দহন মন' ও 'পাতা' শীর্ষক ৪টি বইয়ের মোড়ক উন্মোচন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক । এসময় আরও উপস্থিত ছিলেন কথা সাহিত্যিক আনিসুল হক, র‍্যাব-এর মহা-পরিচালক বেনজীর আহমেদ ও রোটারি গভর্ণর এফ এইচ আরিফ। ছবিতে উপাচার্যের সাথে অতিথিদের দেখা যাচ্ছে।

গত ১ ফেব্রুয়ারি ২০১৬ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের কনফারেন্স কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানের মধ্য দিয়ে "University of Dhaka Making Unmaking Remaking" গ্রন্থের মোড়ক উন্মোচন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এসময় অন্যান্যের মধ্যে গ্রন্থের সম্পাদক অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ এবং ইখতেখার ইকবাল উপস্থিত ছিলেন।

ঢাবি ক্লাবের প্রীতিসম্মিলন ২০১৬

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবের উদ্যোগে গত ২৮ জানুয়ারি ২০১৬ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে 'প্রীতিসম্মিলন ২০১৬' অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন করেন। এসময় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, ক্লাবের সভাপতি অধ্যাপক এবিএম শহিদুল ইসলাম এবং ক্লাবের সম্পাদক ড. মোহাম্মদ বাহাউদ্দিনসহ ক্লাবের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

ক্লাবের সম্পাদক ড. মোহাম্মদ বাহাউদ্দিন-এর স্বাগত বক্তব্যের পর উপাচার্য ক্লাবের নবনির্মিত ওয়েবসাইট উদ্বোধন করেন। তিনি ক্লাবের প্রবীণ দু'জন সদস্য অধ্যাপক ড. কাজী আবদুল ফাত্তাহ ও অধ্যাপক সৈয়দ আবদুল আহাদকে আজীবন ক্লাব সম্মাননা প্রদান করেন।

সন্ধ্যায় মুক্তিযুদ্ধের উপর নির্মিত ডকুমেন্টারি প্রদর্শিত হয়। পরে উপাচার্য ফিতা কেটে প্রীতিভোজ পর্বের সূচনা করেন। গান, যাদু প্রদর্শনী ও নৃত্যের মাধ্যমে সাংস্কৃতিক পরিবেশনার পর অনুষ্ঠিত হয় র‍্যাফেল ড্র পর্ব।

ঢাবি এ সিসিটিভি স্থাপন

ঢাবি কলা ভবন এবং লেকচার থিয়েটার ভবনে সিসিটিভি পাহারা বসানো হয়েছে। প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন গত ৩১ জানুয়ারি ২০১৬ কলা ভবন চত্বরে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সিসিটিভি ব্যবস্থার উদ্বোধন করেন। এসময় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান উপস্থিত ছিলেন।

দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের নবীন বরণ, সাদা ছড়ি বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান

ঢাকা বিশ্ববিদ্যালয় দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের নবীন বরণ, সাদা ছড়ি বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান গত ৮ ফেব্রুয়ারি ২০১৬ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এস এম গ্রুপের পক্ষ থেকে দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের মাঝে সাদা ছড়ি বিতরণ করেন।

প্রধান অতিথির বক্তব্যে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিবন্ধীদের সহায়তায় সবসময় কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় আমরা তাদের সর্বোচ্চ সুযোগ-সুবিধা ও তাদের চাকুরির ব্যবস্থা করেছি। তাদের যে কোন সমস্যা সমাধানে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আন্তরিক থাকবে। তিনি অন্যান্য বিশ্ববিদ্যালয়ে এমন অবকাঠামো গড়ে তোলার উপর গুরুত্বারোপ করেন।

মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং

(১ম পৃষ্ঠার পর) এই বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য ও ভাবমূর্তি অক্ষুন্ন রেখে তোমরা বিশ্ববিদ্যালয় তথা দেশ ও জাতিকে এগিয়ে নিয়ে যাবে।

উল্লেখ্য, নতুন এই বিভাগের শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কাজী মোতাহার হোসেন বিজ্ঞান ভবনের (সায়েন্স এনেক্স ভবন) তৃতীয় তলায় বিভাগীয় অফিস ও শ্রেণীকক্ষ স্থাপন করা হয়েছে।

এমিরিটাস অধ্যাপক ড. আবদুল জব্বারের মৃত্যুতে উপাচার্যের শোক

ঢাকা বিশ্ববিদ্যালয় ফার্মাসিউটিক্যাল কেমিস্ট্রি বিভাগের এমিরিটাস অধ্যাপক ড. আবদুল জব্বার গত ৩০ জানুয়ারি ২০১৬ রাজধানীর এ্যাপোলো হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহী রাজেউন)। তিনি বার্ধক্যজনিত রোগে ভুগছিলেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৫ বছর। তিনি একমাত্র মেয়েসহ অসংখ্য ছাত্র-ছাত্রী, আত্মীয়স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন। অধ্যাপক ড. আবদুল জব্বারের মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন। এক শোকবাণীতে তিনি বলেন, অধ্যাপক আবদুল জব্বারের নেতৃত্বেই ১৯৬৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় তথা বাংলাদেশে ফার্মেসী শিক্ষা শুরু হয়। তাঁর মৃত্যুতে দেশ একজন নিবেদিতপ্রাণ শিক্ষক, গবেষক ও ফার্মেসী শিক্ষার পথিকৃৎকে হারালো। এদেশে ফার্মেসী শিক্ষা ও গবেষণা উন্নয়ন এবং ওষুধ শিল্পের বিকাশে তিনি যে অনন্য অবদান রেখে গেছেন, তা চিরস্মরণীয় হয়ে থাকবে। উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

জাতীয় অধ্যাপক রঙ্গলাল সেনের মৃত্যুবার্ষিকী উপলক্ষে স্মরণসভা

ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজবিজ্ঞান বিভাগের আয়োজনে জাতীয় অধ্যাপক ড. রঙ্গলাল সেনের ২য় মৃত্যুবার্ষিকী উপলক্ষে এক স্মৃতি আলোচনানুষ্ঠান গত ১০ ফেব্রুয়ারি ২০১৬ মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।

সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মনিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। আরও বক্তব্য রাখেন সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সাদেকা হালিম, দেবাশীষ কুমার কুণ্ডু, অধ্যাপক ড. রঙ্গলাল সেনের কন্যা সূচনা সেন প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালন করেন বিভাগের অধ্যাপক ড. মো: মশিউর রহমান।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অধ্যাপক ড. রঙ্গলাল সেনের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেন, অধ্যাপক সেন একজন স্বতন্ত্র মানুষ ছিলেন। তিনি একজন নিবেদিতপ্রাণ শিক্ষক ও গবেষক ছিলেন। তিনি ছিলেন প্রগতিশীল আন্দোলনের প্রথম সারির অন্যতম পথিকৃৎ ও চিন্তক। তিনি বিভিন্ন জাতীয় সংকটকালে মুক্তিযুদ্ধের চেতনায় অবিচল আস্থা রেখে সাম্প্রদায়িকতা আর মুক্তিযুদ্ধবিরোধী তৎপরতার বিরুদ্ধে সক্রিয় ও সোচ্চার ছিলেন। উপাচার্য শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, অত্যন্ত দায়িত্বশীল ছিলেন তিনি। ছাত্র-ছাত্রীর প্রতি দায়িত্ব, শিক্ষকদের প্রতি দায়িত্ব, সর্বোপরি দেশ ও জাতির প্রতি তিনি যে দায়িত্বের পরিচয় দিয়েছেন তাকে অনুসরণ করে তার সেই আদর্শকে ধারণ করতে হবে।

উল্লেখ্য, অধ্যাপক ড. রঙ্গলাল সেন ২০১৪ সালের ১০ ফেব্রুয়ারি পরলোকগমন করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮১ বছর। তার জন্ম ১৯৩৩ সালের ২৪ সেপ্টেম্বর সিলেটের মৌলভীবাজারে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক হিসেবে বিগত ১৯৯৩ সালে নিয়মিত অবসর গ্রহণ করেন এবং এরপর ৫ বছর চুক্তিভিত্তিক শিক্ষকতায় নিয়োজিত ছিলেন। তিনি জাতীয় অধ্যাপক ছিলেন।

কলা অনুষদের ৯০ জন শিক্ষার্থীর ডিন্‌স এ্যাওয়ার্ড লাভ

ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ২০১৩ ও ২০১৪ শিক্ষাবর্ষের স্নাতক সম্মান ও স্নাতকোত্তর পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফলের স্বীকৃতিস্বরূপ ৯০জন মেধাবী শিক্ষার্থীকে 'ডিন্‌স এ্যাওয়ার্ড' প্রদান করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ১১ ফেব্রুয়ারি ২০১৬ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানে এই এ্যাওয়ার্ড প্রদান করেন।

কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন স্বনামধন্য বুদ্ধিজীবী ও ইংরেজি বিভাগের ইমেরিটাস অধ্যাপক ড. এ এফ সিরাজুল ইসলাম চৌধুরী। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. বেগম আকতার কামাল এবং এ্যাওয়ার্ড প্রাপ্তদের মধ্য থেকে উন্মেষ রায় ও নুসরাত গুলজার।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ডিন্‌স এ্যাওয়ার্ড পাওয়ায় কলা অনুষদের ৯০জন মেধাবী শিক্ষার্থীকে আন্তরিক অভিনন্দন জানিয়ে বলেন, নিয়মিত লেখাপড়া ও কঠিন পরিশ্রমের ফলে তোমরা এই এ্যাওয়ার্ড অর্জন করেছো এবং এর ফলে পরিবার, সমাজ, দেশ ও জাতির প্রতি তোমাদের দায়িত্ববোধ বেড়ে গেছে। তোমরা তোমাদের ওপর অর্পিত এই দায়িত্ব সঠিক ও যথাযথভাবে পালন করে দেশ ও জাতিকে এগিয়ে নিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের উদ্দেশ্যে আরও বলেন, মানবিক শিক্ষা ছাড়া মূল্যবোধ ও মনুষ্যত্বের বিকাশ হয় না। বিশ্বে আজ জ্ঞান-বিজ্ঞানের সম্প্রসারণ হচ্ছে কিন্তু সকল মানুষের মাঝে মানবতাবোধ জাগ্রত হচ্ছে না। তাই সমাজে অনেক মানুষ অমানুষের কাজ করছে। বিশ্বকে শান্তির বিশ্ব বানাতে সকলকে জ্ঞান-বিজ্ঞানের সকল শাখার সাথে মানবিক ও মূল্যবোধের শিক্ষা গ্রহণ করতে হবে।

ইমেরিটাস অধ্যাপক ড. এ এফ সিরাজুল ইসলাম চৌধুরী মানববিদ্যা, মানবকল্যাণ, দর্শন, দর্শনের বিভিন্ন দিক, অর্থনীতি, ব্যবসা-বাণিজ্য, পুঁজিবাদসহ জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন দিক তুলে ধরে এক দিক-নির্দেশনামূলক জ্ঞানগর্ভ বক্তব্য প্রদান করেন।

বিজনেস স্টাডিজ অনুষদের ৪০ শিক্ষার্থীর বৃত্তি লাভ

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদভূক্ত বিভিন্ন বিভাগের ৪০জন অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থী যথাক্রমে হামিম গ্রুপ লিমিটেড এবং ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড বৃত্তি লাভ করেছেন। গত ১০ ফেব্রুয়ারি ২০১৬ অনুষদের ড. আবদুল্লাহ ফারুক সম্মেলন কক্ষে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। বিজনেস স্টাডিজ অনুষদ এ অনুষ্ঠানের আয়োজন করে।

বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্ণর এস কে সুর চৌধুরী, হামিম গ্রুপের চেয়ারম্যান এ কে আজাদ এবং ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ ওয়াসেক মো: আলী বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ের অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের সাহায্যে এগিয়ে আসার জন্য সমাজের বিত্তবানদের প্রতি আহ্বান জানান। শিক্ষাখাতের বিনিয়োগকে শ্রেষ্ঠ বিনিয়োগ হিসাবে বর্ণনা করে তিনি বলেন, শিক্ষা ছাড়া মানব সভ্যতার উন্নয়ন সম্ভব নয়। একারণে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশের শিক্ষাখাতের উন্নয়নে নানামুখী উদ্যোগ গ্রহণ করেছিলেন বলে উপাচার্য উল্লেখ করেন।

ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড বৃত্তিপ্রাপ্তরা হলেন- রত্না বিশ্বাস, দোলা খাতুন, অনি সাহা, মনিরা ইয়াসমীন (ম্যানেজমেন্ট), তানিয়া আকতার (একাউন্টিং), সুমনা আকতার সুমী, মুক্তা সুলতানা, আয়শা সিদ্দিকা মনি, মোছাঃ মারুফা আকতার (মার্কেটিং), কানিজ ফাতেমা সামিয়া হক, পুজা রানী বর্মন, মাইমুনা, তমা সাহা (ফিন্যান্স), মোসাঃ হাবিবা খাতুন (ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স), সুমাইয়া আমিন, তাহমিনা বেগম, (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস) রিমা রানী শীল, সবুজ কুমার, মোঃ মনোয়ার হোসেন (ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট) এবং আমেনা আকতার (ইন্টারন্যাশনাল বিজনেস)।

হামিম গ্রুপ লিমিটেড বৃত্তিপ্রাপ্তরা হলেন - শারমিন আকতার, সঞ্চিতা কাপুরিয়া, জান্নাতুল ওহি, পপি রানী সরকার, সোনিয়া আকতার (ম্যানেজমেন্ট), রেক্সোনা পারভীন, কেয়া দত্ত, সোনিয়া সুলতানা রানী, কল্পনা খাতুন (একাউন্টিং), সীমা খাতুন, উম্মে হানি রুমী (মার্কেটিং), ফেরদৌস আকতার, সাবিনা খাতুন, স্মৃতি আকতার, আয়শা আকতার জুঁই (ফিন্যান্স), সুলতানা তামান্না, মোসাঃ পারভীনা খাতুন (ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স), শামীমা আকতার (ম্যানেজমেন্ট এন্ড ইনফরমেশন সিস্টেমস), মোছাঃ সুমিতা খাতুন (ইন্টারন্যাশনাল বিজনেস) এবং নিতু দাস (ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট)।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

পোলান্ডের প্রাক্তন উপ-প্রধানমন্ত্রী

পোলান্ডের প্রাক্তন উপ-প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রী অধ্যাপক ড. গ্রেগর্গ ডাবলু কোলদ্‌কো গত ৩১ জানুয়ারি ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় অন্যদের মধ্যে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. আবুল বারকাত উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নসহ নানা ইস্যু নিয়ে আলোচনা করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং পোলান্ডের বিভিন্ন উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করা হয়।

উল্লেখ্য, বাংলাদেশ অর্থনীতি সমিতির উদ্যোগে “বিশ্ব কোন দিকে যাচ্ছে : ভবিষ্যতের রাজনৈতিক অর্থনীতি” শীর্ষক জনবক্তৃতা প্রদানের জন্য অধ্যাপক ড. গ্রেগর্গ ডাবলু কোলদ্‌কো বর্তমানে বাংলাদেশ সফর করছেন।

কোরিয়ার রাষ্ট্রদূত

বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত এএইচএন সিয়ং-দো গত ১১ ফেব্রুয়ারি ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তার অফিসে সাক্ষাৎ করেছেন। এসময় একই দূতাবাসের ফার্স্ট সেক্রেটারি পার্ক মি সিওল এবং ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের ভারপ্রাপ্ত গ্রন্থাগারিক অধ্যাপক ড. এস এম জাবেদ আহমদ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা বাংলাদেশ এবং কোরিয়ার মধ্যে বিরাজমান দ্বি-পাক্ষিক সম্পর্ক আরও জোরদার করার বিষয়ে আলোচনা করেন। উপাচার্য জীববিজ্ঞান বিষয়ে গবেষণার জন্য কোইকার আর্থিক ও কারিগরি সহায়তায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি গ্রীন হাউজ প্রতিষ্ঠার ব্যাপারে রাষ্ট্রদূতের সহযোগিতা চান। রাষ্ট্রদূত এক্ষেত্রে সম্ভাব্য সকল সহযোগিতার আশ্বাস দেন।

পরে, কোরিয়ার রাষ্ট্রদূত ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের সাইবার সেন্টারে ব্যবহারের জন্য ৩০টি কম্পিউটার উপাচার্যের কাছে হস্তান্তর করেন।

ভারতীয় প্রতিনিধিদল

ভারতের কলকাতা সেন্ট জেভিয়ার্স কলেজ শাখা বাংলা সাহিত্য সমিতির সেক্রেটারি শুভেচ্ছা চৌধুরীর নেতৃত্বে ৭-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৭ ফেব্রুয়ারি ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্যরা হলেন- রিতাশ্রী পাল, শুভ্রশঙ্খ বোস, আশীষ মিত্র, মানস দেব, অরিজিৎ দে এবং সুজয় সাহা।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কলকাতা সেন্ট জেভিয়ার্স কলেজের মধ্যে শিক্ষক ও শিক্ষার্থী বিনিময় কর্মসূচী চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এসময় বাংলাকে জাতিসংঘের একটি অন্যতম দাপ্তরিক ভাষা করার ক্ষেত্রে ঐক্যবদ্ধভাবে কাজ করার ওপর গুরুত্বারোপ করা হয়।

বীণা সিক্রির সাক্ষাৎ

বাংলাদেশে নিযুক্ত ভারতের প্রাক্তন হাই-কমিশনার বীণা সিক্রি গত ৭ ফেব্রুয়ারি ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় নয়া দিল্লীস্থ জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয় সেন্টার ফর ওয়েস্ট এশিয়ান স্টাডিজ-এর চেয়ারপার্সন অধ্যাপক আশ্বিনী কে. মহাপাত্র এবং ঢাকাস্থ ইন্দিরা গান্ধী সাংস্কৃতিক কেন্দ্রের পরিচালক জয়শ্রী কুণ্ড উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ভারতের বিভিন্ন উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার ওপর গুরুত্বারোপ করা হয়। বীণা সিক্রি বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নের ব্যাপক প্রশংসা করে বলেন, এদেশের জনগণ খুবই সৎ ও আন্তরিক। উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক বাংলাদেশ ও ভারতের মধ্যে বিরাজমান চমৎকার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক তুলে ধরেন এবং আশা প্রকাশ করেন ভবিষ্যতে এ সম্পর্ক আরও ঘনিষ্ঠ হবে।

ফ্রান্সের ইতিহাসবিদ

ফ্রান্সের প্রখ্যাত ঐতিহাসিক ও ভূগোলবিদ ড. ব্রিজিট সিলবার্সটেন গত ৯ ফেব্রুয়ারি ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। এসময় বিশ্বের নানা প্রান্তে চলমান রাজনৈতিক অস্থিরতা, সন্ত্রাস ও জঙ্গীবাদ নিয়ে মত বিনিময় করা হয়। ফ্রান্সের ইতিহাসবিদ বাংলাদেশকে একটি উদার গণতান্ত্রিক ও শান্তিপূর্ণ দেশ হিসাবে আখ্যায়িত করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসার জন্য উপাচার্য অতিথিকে ধন্যবাদ জানান।

উল্লেখ্য, ড. ব্রিজিট সিলবার্সটেন গত ৮ ফেব্রুয়ারি ২০১৬ ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশ বিভাগের সভাকক্ষে এক অনুষ্ঠানে “Migrant in Europe” শীর্ষক এক বিশেষ বক্তৃতা প্রদান করেন। ভূগোল ও পরিবেশ বিভাগ এই অনুষ্ঠানের আয়োজন করে। ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. হাফিজা খাতুন, প্রাক্তন অধ্যাপক ড. রোজী মজিদ আহসান, বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থীরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

নরওয়ে প্রতিনিধিদল

নরওয়ের বার্গেন ইউনিভার্সিটির ন্যানসেন এনভায়রনমেন্টাল এন্ড রিমোট সেনসিং সেন্টার (এনইআরএসসি)-এর প্রতিষ্ঠাতা পরিচালক অধ্যাপক ওলা এম জোহানসেন-এর নেতৃত্বে ২-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১১ ফেব্রুয়ারি ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্য হলেন লেস এইচ. পিটারসন। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় সমুদ্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. কাউসার আহাম্মদ এবং বাংলাদেশ সেন্টার ফর এ্যাডভান্সড স্টাডিজের নির্বাহী পরিচালক অধ্যাপক ড. আতিক রহমান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং নরওয়ের বার্গেন ইউনিভার্সিটি’র মধ্যে চলমান সমুদ্রবিজ্ঞান বিষয়ক যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও জোরদার করার ব্যাপারে আলোচনা করেন।

পোলান্ডের প্রাক্তন উপপ্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রী অধ্যাপক ড. গ্রেগর্গ ডাবলু কোলদ্‌কো গত ৩১ জানুয়ারি ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

নরওয়ের বার্গেন ইউনিভার্সিটির ন্যানসেন এনভায়রনমেন্টাল এন্ড রিমোট সেনসিং সেন্টার (এনইআরএসসি)এর প্রতিষ্ঠাতা পরিচালক অধ্যাপক ওলা এম জোহানসেনএর নেতৃত্বে ২ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১১ ফেব্রুয়ারি ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করে। এ সময় উপাচার্য তাদের বিশ্ববিদ্যালয়ের ক্রেস্ট উপহার দেন।

বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত এএইচএন সিয়ং দো গত ১১ ফেব্রুয়ারি ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তার অফিসে সাক্ষাৎ করেন। এসময় তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের জন্য ৩০টি কম্পিউটার উপহার দেন। উপাচার্য আনুষ্ঠানিকভাবে এসব কম্পিউটার গ্রহণ করেন।

বাংলাদেশে নিযুক্ত ভারতের প্রাক্তন হাইকমিশনার বীণা সিক্রি গত ৭ ফেব্রুয়ারি ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

ফ্রান্সের প্রখ্যাত ঐতিহাসিক ও ভূগোলবিদ ড. ব্রিজিট সিলবার্সটেন গত ৯ ফেব্রুয়ারি ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় প্রোউপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ উপস্থিত ছিলেন।

ভারতের কলকাতা সেন্ট জেভিয়ার্স কলেজ শাখা বাংলা সাহিত্য সমিতির সেক্রেটারি শুভেচ্ছা চৌধুরীর নেতৃত্বে ৭ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৭ ফেব্রুয়ারি ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে।

গত ১১ ফেব্রুয়ারি ২০১৬ ঢাবি কেন্দ্রীয় খেলার মাঠে ‘বঙ্গবন্ধু গোল্ডকাপ এবং বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুলবল টুর্নামেন্ট ২০১৫এ ঢাকা বিভা গের ধোলাইপাড় সরকারি প্রাথমিক বিদ্যার্লয়, ডেমরা এবং খুলনা বিভাগের হরিনাকুণ্ডের চটকাবাড়িয়া প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ছবিতে খেলোয়াড়দের সাথে উপাচার্যকে করমর্দন করতে দেখা যাচ্ছে।

গত ৮ ফেব্রুয়ারি ২০১৬ ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের ড. আব্দুল্লাহ ফারুক কনফারেন্স হলে ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগ ও ড. এ আর মল্লিক ট্রাস্টের মধ্যে এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, প্রোউপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, বিভিন্ন অনুষদের ডিন, ইতিহাস বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. সোনিয়া নিশাত আমিন এবং বিশিষ্ট প্রকৌশলী অধ্যাপক জামিলুর রেজা চৌধুরীসহ প্রমুখ উপস্থিত ছিলেন।

বিজনেস স্টাডিজ অনুষদে প্রফেসর ড. আব্দুল্লাহ্ ফারুক মাল্টিপারপাস হলের উদ্বোধন

গত ২৮ জানুয়ারি ২০১৬ ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের এমবিএ ভবনের ১০ তলায় নির্মিত ‘প্রফেসর ড. আব্দুল্লাহ ফারুক মাল্টিপারপাস হল’-এর উদ্বোধন করা হয়েছে। বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, অনুষদের সিনিয়র শিক্ষকবৃন্দসহ এএফসি হেলথ লিমিটেড-এর কর্মকর্তাবৃন্দ। পরে উপাচার্য ফিতা কেটে মাল্টিপারপাস হলের উদ্বোধন শেষে হল পরিদর্শন করেন। উদ্বোধনী বক্তব্যে উপাচার্য এএফসি হেলথ লিমিটেড কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং এ ধরনের সহযোগিতা পরবর্তীতেও অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

উল্লেখ্য, গত ৭ নভেম্বর ২০১৫ বিজনেস স্টাডিজ অনুষদ এবং এএফসি হেলথ লিমিটেড-এর মধ্যে এই মাল্টিপারপাস হল নির্মাণের উদ্দেশ্যে বিজনেস স্টাডিজ অনুষদে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

‘বীরাঙ্গনার আত্মকথন’ গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠান

মুক্তিযুদ্ধে ৩০ লাখ শহীদের সংখ্যা নিয়ে খালেদা জিয়ার বক্তব্যের তীব্র নিন্দা

‘বীরাঙ্গনার আত্মকথন’ শীর্ষক গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠান গত ৮ ফেব্রুয়ারি ২০১৬ মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। গ্রন্থটি ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. শেখ আবদুস সালাম ও বিশ্ববিদ্যালয়ের রিসার্চ ফেলো শিল্পী বেগম কর্তৃক সংকলিত ও সম্পাদিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাহবুব উল আলম হানিফ এমপি।

অনুষ্ঠানের শুরুতে লেখক ও গ্রন্থ পরিচিতি তুলে ধরেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক শাওন্তী হায়দার। শুভেচ্ছা বক্তব্য রাখেন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মফিজুর রহমান ও ঢাবি অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি রকীব উদ্দীন আহমেদ। সূচনা বক্তব্য প্রদান করেন গ্রন্থকার অধ্যাপক ড. শেখ আবদুস সালাম। প্রকাশিত গ্রন্থটির মুখবন্ধ লিখেছেন এমিরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান এবং প্রাথমিক পর্যালোচনা করেছেন এমিরিটাস অধ্যাপক ড. এ এফ সিরাজুল ইসলাম চৌধুরী। এছাড়া, গ্রন্থটির উপর আলোচনা করেছেন ইংরেজি বিভাগের অধ্যাপক ড. সৈয়দ মনজুরুল ইসলাম, জনাব মফিদুল হক এবং অধ্যাপক এম এম আকাশ।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস তুলে ধরার আহ্বান জানিয়ে বলেন, স্বাধীনতার ৪৪ বছর পর মুক্তিযোদ্ধা বীরাঙ্গনাদের স্মৃতিকথা লিপিবদ্ধ করে গ্রন্থকারদ্বয় এক ঐতিহাসিক দায়িত্ব পালন করেছেন। তিনি বলেন, ১৯৭১ সালে পাকিস্তানী সেনাবাহিনী বাঙালি জাতির ওপর বর্বর গণহত্যা চালায় এবং অসংখ্য নারীকে নির্যাতন করে। হাজার হাজার মুক্তিযোদ্ধা এখনও সেই নির্যাতনের চিহ্ন বহন করে চলেছেন। বাংলাদেশে গণহত্যা ও নির্যাতনের কথা অস্বীকার করায় কঠোর ভাষায় পাকিস্তানের সমালোচনা করে তিনি বলেন, একাত্তরে বাংলাদেশে গণহত্যা ও নির্যাতনের কথা পাকিস্তানের অস্বীকার করা এক বর্বরতারই নিদর্শন। মহান মুক্তিযুদ্ধে ৩০ লাখ শহীদের সংখ্যা নিয়ে বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার সাম্প্রতিক বক্তব্যের তীব্র নিন্দা জানিয়ে উপাচার্য বলেন, জেনারেল ইয়াহিয়া স্বদম্ভে ৩০ লক্ষ বাঙালি হত্যাকাণ্ডের কথাই ঘোষণা করেছিল ১৯৭১'র ২২ ফেব্রুয়ারি। এ নিয়ে মিথ্যাচার ও অপপ্রচার করার অপচেষ্টার নিন্দা জানানোর ভাষা আমাদের জানা নেই। এই স্বাধীন বাংলাদেশে আমাদের বুদ্ধিজীবীদের অসাধারণ অবদান নিয়ে কটাক্ষ হতে পারে, তা অকল্পনীয়। উপাচার্য তরুণ প্রজন্মকে মুক্তিযুদ্ধের ইতিহাস জানতে ও পড়তে আহ্বান জানান। ‘বীরাঙ্গনাদের আত্মকথন’ একটি অবশ্য পাঠ্যগ্রন্থ, তরুণদের তা পড়তে হবে। তিনি বলেন, মুক্তিযুদ্ধের অনেক ইতিহাস আজও অজানা, অনালোচিত। ৩০ লক্ষ মানুষের আত্মাহুতির পেছনে ৩০ লক্ষ ঘটনা রয়েছে। ৪ লক্ষ মা-বোনের সম্ভ্রমহানির পেছনে রয়েছে ৪ লক্ষ মর্মান্তিক ঘটনা। আর মুক্তিযুদ্ধের ইতিহাস ও মুক্তিযুদ্ধের চেতনা থেকে অনুপ্রেরণা নিয়ে অভিজ্ঞতা অর্জন করে শিক্ষার্থীদের ভবিষ্যৎ বিনির্মাণ করতে হবে।

উপাচার্য বীরাঙ্গনা মুক্তিযোদ্ধা স্বরূপা বেগমের জীবনের চলমান অভিজ্ঞতাকে তুলে ধরে বলেন, এ ধরনের অনেক মুক্তিযোদ্ধা হয়তো আমাদের অন্তরালে আত্মগোপনে আছেন। তারা যখন মর্যাদার সাথে আত্মপ্রকাশ করতে পারবেন তখনই আমাদের স্বাধীনতা সার্থক হবে।

বিশেষ অতিথির বক্তব্যে মাহবুব উল আলম হানিফ এমপি বলেন, পাকিস্তানি দূতাবাস বাংলাদেশবিরোধী অপকর্মে লিপ্ত রয়েছে। বাংলাদেশের জনগণ নরপশুদের সাথে সম্পর্ক রাখতে চায় না।

অণুজীব বিজ্ঞান বিভাগে অত্যাধুনিক রিসার্চ ল্যাব-এর উদ্বোধন

ঢাকা বিশ্ববিদ্যালয় অণুজীব বিজ্ঞান বিভাগে অত্যাধুনিক একটি “মাইক্রোবিয়াল জেনেটিকস এন্ড বায়োইনফরমেটিকস ল্যাব”-এর উদ্বোধন করা হয়েছে। গত ১০ ফেব্রুয়ারি ২০১৬ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এই ল্যাব-এর উদ্বোধন করেন। এ সময় জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: ইমদাদুল হক, বিভাগীয় চেয়ারপার্সন অধ্যাপক হুমায়রা আখতার, বিভাগীয় শিক্ষকবৃন্দ ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের “উচ্চশিক্ষার গুণগত মান উন্নয়ন প্রকল্প”-এর যৌথ সহযোগিতায় এই ল্যাব প্রতিষ্ঠিত করা হয়েছে।

পরে বিভাগের সার্বিক উন্নয়নে প্রতিষ্ঠিত ‘অণুজীব বিজ্ঞান বিভাগ ট্রাস্ট ফান্ড’-এ বিভিন্ন অনুদানের চেক হস্তান্তর উপলক্ষে আরেকটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশের বিশিষ্ট আইনজীবী ব্যারিস্টার রফিকুল হক এই ট্রাস্ট ফান্ডের জন্য ১০ লক্ষ টাকার একটি চেক, মিসেস মঞ্জুরা জোহা ২ লক্ষ টাকার একটি চেক এবং বিভাগীয় কয়েকজন শিক্ষক বিভিন্ন অঙ্কের চেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের নিকট হস্তান্তর করেন। এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে উপার্জিত অর্থ বিভাগের শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনা, সেমিনার ও ওয়ার্কশপের আয়োজন এবং ভৌত অবকাঠামো নির্মাণ ও মেরামতে ব্যয় করা হবে।

বিভাগীয় চেয়ারপার্সন অধ্যাপক হুমায়রা আখতারের সভাপতিত্বে বিভাগীয় সেমিনার রুমে অনুষ্ঠিত এতে বক্তব্য রাখেন প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বিশেষ অতিথি হিসেবে বিশিষ্ট আইনজীবী ব্যারিস্টার রফিকুল হক, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: ইমদাদুল হক, অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আহসান এবং অধ্যাপক ড. মাহফুজুল হক।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, শিক্ষা ক্ষেত্রে বিনিয়োগ হচ্ছে সর্বশ্রেষ্ঠ বিনিয়োগ। আমাদের শিক্ষা ব্যবস্থা এগিয়ে গেলে দেশ এগিয়ে যাবে, সভ্যতা এগিয়ে যাবে। তাই শিক্ষা ক্ষেত্রে আমাদেরকে অনুদান এবং সাহায্য-সহযোগিতা প্রদানের মাধ্যমে শিক্ষাক্ষেত্রকে এগিয়ে নিয়ে যেতে হবে। তিনি অণুজীব বিজ্ঞান বিভাগের উন্নয়ন ও অগ্রগতির জন্য যারা অনুদান প্রদান করলেন, তাদেরকে বিশেষ করে ব্যারিস্টার রফিকুল হক ও মিসেস মঞ্জুরা জোহাকে আন্তরিক ধন্যবাদ জানান।

ঢাবি এবং ওয়াটারএইড-এর মধ্যে চুক্তি সই

ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ওয়াটারএইড বাংলাদেশ-এর মধ্যে গত ৭ ফেব্রুয়ারি ২০১৬ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং ওয়াটারএইড বাংলাদেশের কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ ডা: মো: খায়রুল ইসলাম নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, ওয়াটারএইড যুক্তরাজ্যের প্রধান নির্বাহী ড. বারবারা ফ্রস্ট, চেয়ারপার্সন টিম ক্লার্ক এবং ট্রাস্টি এ্যানা সিগল উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় ওয়াটারএইড বাংলাদেশের আর্থিক ও কারিগরি সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র চত্বরে একটি আধুনিক গণশৌচাগার নির্মাণ করা হবে।

আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মশালার সনদপত্র বিতরণ

“Gas Chromatography, Quantification and Quality Assurance” শীর্ষক মাসব্যাপী আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মশালার সনদপত্র বিতরণী অনুষ্ঠান গত ২৮ জানুয়ারি ২০১৬ ঢাবি সেন্টার ফর

এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস-এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ করেন। ইন্টারন্যাশনাল সায়েন্স প্রোগ্রাম (আইএসপি), এশিয়ান নেটওয়ার্ক অব রিসার্চ অন ফুড এন্ড এনভায়রনমেন্ট কন্টামিন্যান্টস (এএনএফইসি) এবং নেটওয়ার্ক অব ইন্সট্রুমেন্ট টেকনিক্যাল পারসোনেল এন্ড ইউজার সায়েন্টিস্টস অব বাংলাদেশ (এনআইটিইউবি) যৌথভাবে এই কর্মশালার আয়োজন করে।

বাংলাদেশ বিজ্ঞান একাডেমি এবং এনআইটিইউবি-এর সভাপতি অধ্যাপক ড. মেসবাহউদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকায় নিযুক্ত সুইডেনের রাষ্ট্রদূত জোহান ফ্রিসেল এবং আইএসপি'র পরিচালক ড. পিটার সানদিন বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। ঢাবি রসায়ন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নীলুফার নাহার স্বাগত বক্তব্য দেন। এছাড়া, এএনএফইসি-এর কো-অর্ডিনেটর ড. কেসিনি ফোমকিওনা অনুষ্ঠানে বক্তৃতা করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ শোয়েব ধন্যবাদ জ্ঞাপন করেন। এনআইটিইউবি-এর সাধারণ সম্পাদক এবং সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস-এর পরিচালক অধ্যাপক ড. আলতাফ হোসেন অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক দেশের সার্বিক উন্নয়নে রসায়ন শিক্ষার গুরুত্ব তুলে ধরে বলেন, মানুষের জীবনমানের উন্নয়ন ঘটাতে অবশ্যই আমাদের রসায়ন শিক্ষা ও গবেষণার মান বাড়াতে হবে। আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মশালা এক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, বাংলাদেশ, কম্বোডিয়া এবং লাউসের ১৪জন তরুণ শিক্ষক ও গবেষক এই প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেন।

‘শক্তি, পরিবেশ এবং নারী’ শীর্ষক কর্মশালা

ঢাকা বিশ্ববিদ্যালয় শক্তি ইনস্টিটিউট ও বাংলাদেশ এসোসিয়েশন অব ওমেন সাইন্টিস্ট-এর যৌথ উদ্যোগে গত ২৮ জানুয়ারি ২০১৬ ‘শক্তি, পরিবেশ এবং নারী’ শীর্ষক জাতীয় কর্মশালার উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সৌরশক্তি সমিতির সভাপতি অধ্যাপক ড. মো: ইব্রাহীম। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের শক্তি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. সাইফুল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ এসোসিয়েশন অব ওমেন সাইন্টিস্ট-এর সভাপতি অধ্যাপক ড. শাহিদা রফিক।

ঢাবি এবং মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর মধ্যে চুক্তি সই

ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর মধ্যে গত ৯ ফেব্রুয়ারি ২০১৬ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর ব্যবস্থাপনা পরিচালক ড. মো: নুরুন্নবী মৃধা নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর পরিচালক (কল্যাণ) মো: আবু তালেব মোল্লা উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর যৌথ উদ্যোগে মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা কার্যক্রম পরিচালনা করা হবে। মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণা কার্যক্রমের জন্য বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট প্রতি বছর দু'জন পিএইচ ডি গবেষককে বৃত্তি প্রদান করবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি বলেন, বাংলাদেশের মুক্তিযুদ্ধ মানব সভ্যতার ইতিহাসে এক অন্যতম গৌরবোজ্জ্বল অধ্যায়। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে বর্বর পাকিস্তানী সেনাবাহিনীর হাতে এদেশের ৩০ লাখ মানুষ নির্মমভাবে শাহাদৎ বরণ করেন এবং ৪ লাখ নারী নির্যাতিত হন। গবেষণার মাধ্যমে মুক্তিযুদ্ধের অপ্রকাশিত ঘটনাবলী উদ্‌ঘাটন করতে হবে। এই সমঝোতা স্মারক এক্ষেত্রে কার্যকর ভূমিকা পালন করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম, মোঃ নজরুল ইসলাম ও তাওহিদা খানম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার ও মোঃ জাকির হোসেন। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫